দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 APR 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ঈদের পর 'খ' ইউনিটে ভর্তি পরীক্ষা আবার নেয়া হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঈদের পর অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিটের বাতিল ঘোষিত ভর্তি পরীক্ষা। নতুন প্রশ্নপত্র তৈরি, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চলমান ভর্তি পরীক্ষা ও ঈদের আগে যানজটের কথা বিবেচনা করে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। দু'একদিনের মধ্যে আনুষ্ঠানিকভাবে নতুন পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে। খবর সংশ্লিষ্ট সূত্রের।